চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
টার্মিনাল ম্যানেজার এর দপ্তর
www.cpa.gov.bd

বিষয়ঃ চট্টগ্রাম বন্দরের বিপদজনক কন্টেইনারের অপারেশনাল কার্যক্রম, আইএসপিএস সংক্রান্ত ইস্যু ও করোনা ভাইরাস মোকাবেলার বিষয়ে সহঃ টার্মিনাল ম্যানেজার (শিঃ ও ইঃ), সহঃ টার্মিনাল ম্যানেজার (প্রশাসন), সহঃ টার্মিনাল ম্যানেজার (কন্ট্রোল), টার্মিনাল অফিসার (শিঃ ও ইঃ), টার্মিনাল অফিসার (প্রশাসন) এর উপস্থিতিতে টার্মিনাল অপারেটর/বার্থ অপারেটরের ম্যানেজারদের সাথে ২১/১১/২০২০ইং তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় টার্মিনাল ম্যানেজার, চবক এর দপ্তরে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ	টার্মিনাল ম্যানেজার, চবক।
স্থান	ঃ	টার্মিনাল ম্যানেজার এর দপ্তর কক্ষ।
তারিখ	ঃ	২১-১১-২০২০ ইং।
সময়	ঃ	সকাল ১১:৩০ ঘটিকা।
উপস্থিতি	ঃ	সংযুক্তি "ক" তালিকা মোতাবেক।

২১/১১/২০২০ইং তারিখে সকাল ১১.৩০ ঘটিকায় টার্মিনাল ম্যানেজার, চবক এর দপ্তরে টার্মিনাল ম্যানেজার, চবক এর সভাপতিত্বে **চট্টগ্রাম বন্দরের বিপদজনক কন্টেইনারের অপারেশনাল কার্যক্রম, আইএসপিএস সংক্রান্ত ইস্যু ও করোনা ভাইরাস মোকাবেলার বিষয়ে সহঃ টার্মিনাল ম্যানেজার (শিঃ ও ইঃ), সহঃ টার্মিনাল ম্যানেজার (প্রশাসন), সহঃ টার্মিনাল ম্যানেজার (কন্ট্রোল), টার্মিনাল অফিসার (শিঃ ও ইঃ), টার্মিনাল অফিসার (প্রশাসন) এর উপস্থিতিতে টার্মিনাল অপারেটর/বার্থ অপারেটরের ম্যানেজারদের সাথে** এক সভা অনুষ্ঠিত হয়। টার্মিনাল ম্যানেজার, চবক উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রমে আরো গতিশীলতা আনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। তিনি ইতোপূর্বে ডিজি কন্টেইনার, কার্গো হ্যান্ডেলিং,রেফার কন্টেইনার হ্যান্ডেলিং এবং কোভিড-১৯ প্রতিরোধের সংক্রান্ত বিষয় অত্র দপ্তর থেকে প্রেরিত নির্দেশনা সমূহ পালনের পাশাপাশি বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

১। বার্থে নিয়োজিত টার্মিনাল অপারেটর ও বার্থ অপারেটরদের শ্রমিক-কর্মচারীগণ সেফটি গিয়ার, ওয়েস্ট কোট ও হেলমেট পরিধান করে কাজে অংশগ্রহণ করবেন। শ্রমিকদের স্েফটি ও সিকিউরিটি বিষয়টি টার্মিনাল অপারেটর ও বার্থ অপারেটরের ম্যানেজারগন নিশ্চিত করবেন।

২। এক্সপোর্ট ইয়ার্ড ও খালি কন্টেইনার ইয়ার্ডসমূহে বার্থ অপারেটর, টার্মিনাল অপারেটরের কর্মচারীগণ আইডি কার্ড, ওয়েস্ট কোট ও হেলমেট পরিধান করে কাজে অংশগ্রহণ করবেন। সংশ্লিষ্ট টার্মিনাল অপারেটর ও বার্থ অপারেটরের ম্যানেজারগন বিষয়টি তদারক করবেন। এক্ষেত্রে প্রয়োজনে নিরাপত্তা বিভাগের সহযোগিতা গ্রহণ করতে হবে।

৩। খালি কন্টেইনার শিপমেন্টের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইয়ার্ডে ও পরবর্তীতে জেটি হেডে দরজা খুলে কন্টেইনার খালি থাকার বিষয়টি নিশ্চিত হতে হবে। প্রয়োজ্য ক্ষেত্রে Laser Measurement Instrument ব্যবহার করতে হবে। প্রতিটি রপ্তানী লোড কন্টেইনারের সীল নম্বর ইয়ার্ড ও হুক পয়েন্টে চেক করতে হবে। সংশ্লিষ্ট টার্মিনার অপারেটর ও বার্থ অপারেটরের ম্যানেজারগন বিষয়টি নিশ্চিত করবেন।

৪। জাহাজ থেকে অবতরণের সময় কোন কন্টেইনারের সীল গরমিল, সীল ভাঙ্গা এবং ডেমেজ কন্টইনার যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ডেমেজ রেজিস্টারে এন্ট্রি করে শিপ সার্ভে করে ডিসচার্জ করতে হবে। টার্মিনাল অপারেটর ও বার্থ অপারেটর বিষয়টি নিশ্চিত করবেন।

৫। খালি কন্টেইনার শিপমেন্টের ক্ষেত্রে ট্রেইলারে বোঝাই করার পর টার্মিনাল অপারেটর ও বার্থ অপারেটরের সংশ্লিষ্ট কর্মচারীগণ কন্টেইনারের দরজা খুলে কন্টেইনারটি খালি কিনা তা চেক করে নিশ্চিত হয়ে শিপমেন্ট করবেন।

৬। রেফার কন্টেইনার জাহাজ হতে অবতরণের সাথে সাথে অগ্রাধিকার ভিত্তিতে প্লাগ ইন করতে হবে। ইলেকট্রিক্যাল বিভাগ,চবক বিষয়টি নিশ্চিত করবেন।

৭। ডিজি কন্টেইনার, রেফার কন্টেইনার হ্যান্ডেলিং এবং কোভিড-১৯ প্রতিরোধে সর্বোচ্চ সর্তকতামূলক ব্যবস্থা গ্রহন করতে হবে।

৮। Appraisement সম্পন্ন কন্টেইনারগুলো দ্রুততম সময়ের মধ্যে রী-স্লট সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে রেফার এবং ডিজি ঘোষিত পণ্য গুলো Appraisement সম্পন্ন হাওয়ার সাথে সাথে রী-স্লট সম্পন্ন করতে হবে। রেফার কন্টেইনার রী-স্লট করার সাথে সাথে প্লাগ ইন করতে হবে

৯। জাহাজ হতে অবতরণের সময় আইএমডিজি ঘোষিত কন্টেইনার অবতরণের সময় যদি কন্টেইনারের গায়ে ডিজি স্টিকার না পাওয়া গেলে, সেই কন্টেইনার জাহাজ থেকে অবতরণ স্থগিত থাকবে। পরবর্তীতে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে শিপ সার্ভে করে শিপিং এজেন্ট হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সাপেক্ষে ডিসচার্জ করতে হবে। এছাড়া, এলসিএল কন্টেইনার আনস্টাফিং এর সময় কোন আইএমডিজি ঘোষিত পন্যের লেবেলিং, মার্কা, প্যাকেজিং ছেড়াঁ অথবা ডেমেজ অবস্থায় পাওয়া যায় তাহলে সেক্ষেত্রে আনস্টাফিং কার্যক্রম স্থগিত থাকবে এবং পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমতি নিয়ে শিপ সার্ভে করে শিপিং এজেন্ট হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সাপেক্ষে আনস্টাফিং কার্যক্রম সম্পন্ন করতে হবে।

১০। চট্টগ্রাম বন্দরে আগত কন্টেইনার জাহাজ সূমহের মধ্যে বিপদজ্জনক মালামাল পরিবাহিত কন্টেইনারগুলো অবতরণের পর বন্দরের সার্বিক নিরাপত্তার স্বার্থে এবং অপারেশনাল কাজের সুবিধার্থে জিসিবি এলাকায় বার্থে বিপদজ্জনক মালামাল পরিবাহিত কন্টেইনারগুলো Y-8B তে সংরক্ষণ করতে হবে। Y-8B তে স্থান সংকুলান না হলে বিপদজ্জনক মালামাল পরিবাহিত ২০ কন্টেইনারগুলো Y-8 এ এবং ৪০ কন্টেইনারগুলো বাপেক্স ইয়ার্ডের এসসি স্লটে শুধুমাত্র দিনের বেলায় সংরক্ষণ করতে হবে পাশাপাশি সিসিটি/এনসিটি এর বার্থগুলোতে স্থিত জাহাজ থেকে বিপদজ্জনক মালামাল পরিবাহিত কন্টেইনারগুলো কন্টেইনারগুলো সিসিটি ইয়ার্ডের ফায়ার সার্ভিস সংলগ্ন আরটিজিতে সংরক্ষণ করতে হবে।

১১। পি কেমিক্যাল শেডে সংরক্ষণ যোগ্য বিপদজনক মালামাল সংশ্লিষ্ট শেডে আনস্টাফিং এর পর বার্থ অপারেটর/টার্মিনাল অপারেটরগণ বন্দর ফায়ার সার্ভিস এর উপস্থিতিতে এবং তাদের স্কটিংয়ে পি কেমিক্যাল শেডে আর/এল এর মাধ্যমে পণ্যের নাম ও আইএমডিজি ক্লাস উল্লেখ পূর্বক ক্যাটাগরিওয়াইজ শুধুমাত্র দিনের বেলায় সংরক্ষণ করতে হবে।

১২। প্রত্যেক বার্থ অপারেটর/ টার্মিনাল অপারেটর কে তাদের পয়েন্টে ফাস্ট এইড বক্স রাখতে হবে।

১৩। বাংলাদেশ সরকারের জারীকৃত **"নো মাস্ক, নো সার্ভিস"** নির্দেশনা অনুযায়ী মাস্ক পরিধান ছাড়া টার্মিনাল ম্যানেজার, চবক দপ্তরে আগত কোন ব্যাক্তিকেই কোনো ধরনের সেবা প্রদান করা হবে না।

১৪। করোনার প্রাদুর্ভাব ঠেকাতে বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত নীতি **"নো মাস্ক, নো সার্ভিস"** লিখিত পোস্টার টার্মিনাল ম্যানেজার, চবক দপ্তরের আওতাধীন প্রতিটি পয়েন্টে দৃশ্যমান রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৫। বন্দরের অভ্যন্তরে অপারেশনাল কার্যক্রমের স্বার্থে প্রতিনিয়ত আগমনকারী বন্দর ব্যবহারকারী কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অবশ্যই মাস্ক পরিধান করে বন্দরে আগমন করবেন অন্যথায় চট্টগ্রাম বন্দর থেকে কোন প্রকার সেবা প্রদান করা হবে না।

১৬। করোনা ভাইরাস সম্পর্কে সচেতনতার অংশ হিসেবে টার্মিনাল অপারেটর/বার্থ অপারেটরদের শ্রমিক-কর্মচারীরা প্রয়োজনে মাস্ক ও গ্লাভস্ পরিধান করে জাহাজের আরোহন করবেন। এ বিষয়ে প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১৭। শ্রমিকগণ বন্দর অভ্যন্তরে কোন অবস্থাতেই ধুমপান না করা এবং অগ্নি নিরাপত্তা নিশ্চিতকরণের ব্যাপারে টার্মিনাল অপারেটর/বার্থ অপারেটরের ম্যানেজারগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৮। চট্টগ্রাম বন্দরের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে এ বিষয়ে নিরাপত্তা বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১৯। চবক এর কর্মচারীগন এবং টার্মিনাল অপারেটর/বার্থ অপারেটরের শ্রমিক-কর্মচারীরা পরস্পরের মধ্যে এবং জাহাজের ক্রু ও অন্যান্যদের সাথে করমর্দন ও কোলাকুলি করা থেকে বিরত থাকবেন এবং ৩ ফুট দূরত্ব বজায় রাখবেন।

২০। সেখানে সেখানে থুথু ফেলা থেকে বিরত থাকতে হবে। সাবান পানি দিয়ে ঘন ঘন হাত ধুতে হবে এবং হ্যান্ড সেনিটাইজার ব্যবহার করতে হবে।

২১। বার্থঅপারেটর/টার্মিনাল অপারেটরগণ ২৪×৭ দিন তাদের স্ব স্ব এলাকায় শ্রমিকদের হাত ধোয়ার ব্যবস্থা গ্রহণ এবং সাবান সরবরাহ নিশ্চিত করতে হবে।

২২। টার্মিনাল অপারেটর/বার্থ অপারেটরগন নিজ নিজ বার্থ এবং কর্মস্থল পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

২৩। এ বিষয়ে স্বাস্থ্য মন্ত্রনালয় ও অধীনস্থ সংস্থাসমূহ এবং বন্দর কর্তৃপক্ষের নির্দেশনা মেনে চলতে হবে।

অতঃপর, ডিজি কন্টেইনার, কার্গো হ্যান্ডেলিং,রেফার কন্টেইনার হ্যান্ডেলিং এবং কোভিড-১৯ প্রতিরোধ সংক্রান্ত বিষয়ে অত্র দপ্তর থেকে প্রেরিত নির্দেশনা সমূহ পালনের পাশাপাশি আর কোন আলোচনার বিষয় না থাকায় সভার সভাপতি টার্মিনাল ম্যানেজার, চবক চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কাজে আরো গতিশীলতার আহ্বান জানিয়ে সবার সার্বিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

টার্মিনাল অফিসার (শিঃ ও ইঃ)
পক্ষে টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নং-টিএম/শিপিং/মিটিং/২০২০

অনুলিপি ঃ

তারিখ-২১/১১/২০২০ ইং।

১। পরিচালক (ট্রাফিক), চবক মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
২। সকল এটিএম, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
৩। সকল টার্মিনাল অফিসার, চবক এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।
৪। এটিও, ওয়ান ষ্টপ সার্ভিস সেন্টার, এম শেড, চবক এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।
৫। টিআই/ইনচার্জ, সকল ইউনিট/ইয়ার্ড/শেড/সিএফএস এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।
৬। পি এ টু চেয়ারম্যান, চবক; চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
৭। সাইফ পাওয়ারটেক লিঃ এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।
৮। সকল বার্থ অপারেটর এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।

টার্মিনাল অফিসার (শিঃ ও ইঃ)
পক্ষে টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ